# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৭৫২

১৩. কিতাবুল হজ্ব (كتاب الحج)

পরিচ্ছেদঃ আমরা যা উল্লেখ করলাম, তার বিশুদ্ধতা প্রমাণে দ্বিতীয় হাদীস

ذِكْرُ خَبَرٍ ثَانٍ يُصَرِّحُ بِصِحَّةِ مَا ذَكَرْنَاهُ

আরবী

3752 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ الرَّحْمَنِ السَّامِيُّ حَدَّثَنَا يَحْيَى بْنُ أَيُّوبَ الْمَقَابِرِيُّ حَدَّثَنَا إِسْمَاعِيلُ بْنُ جَعْفَرٍ قَالَ: وَأَخْبَرَنِي عَبْدُ اللَّهِ بْنُ دِينَارٍ أَنَّهُ سَمِعَ ابْنَ عُمَرَ يَقُولُ: أَمَرَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم أَهْلَ الْمَدِينَةِ أن يُهِلُّوا من ذي الحليفة وأهل الشام مِنَ الْجُحْفَةِ وَأَهْلَ نَجْدٍ مِنْ قَرْن قَالَ عَبْدُ اللَّهِ بْنُ عُمَرَ: وأُخْبِرْتُ أَنَّهُ قَالَ: (وَيُهِلُّ أهل اليمن من يَلَمْلَمَ)

الراوي : ابْن عُمَرَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3752 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) (1526): ق.

বাংলা

৩৭৫২. ইবনু উমার রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মাদানীবাসীকে যুল হুলাইফা থেকে, শামবাসীকে জুহফাহ থেকে, নজদ বাসীকে কারন-আল-মানাযিল থেকে ইহরাম বাঁধতে নির্দেশ দিয়েছেন।”

ইবনু উমার রাদ্বিয়াল্লাহু আনহুমা বলেন, “এগুলো নিজে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে শ্রবণ করেছি। আর আমাকে এই ব্যাপারে হাদীস জানানো হয়েছে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “আর ইয়ামানবাসীরা ইয়ালামলাম থেকে ইহরাম বাঁধবে।”[1]

ফুটনোট

[1] মুয়াত্তা ইমাম মালিক: ১/৩৩০; মুসনাদ ইমাম শাফেঈ: ১/২৭৯; দারেমী: ২/৩০; সুনান বাইহাকী: ৫/২৬; মুসনাদ আহমাদ: ২/৯; সহীহুল বুখারী: ১৫২২; সহীহ মুসলিম: ১১৮২; নাসাঈ: ৫/১২৫; সহীহ ইবনু খুযাইমাহ: ২৫৮৯; তাহাবী: ২/১১৭।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ১৫২৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=93089

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন